গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে ০১ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৭ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

১.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;

১.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যন্ত্রচালিত যানবাহন চলাচল বন্ধ থাকবে;

১.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;

১.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

১.৫ জনসমাবেশ হয় এ ধরণের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;

১.৬ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

১.৭ ব্যাংকিং সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

১.৮ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ফার্মেসি ও ফার্মাসিটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;

১.৯ পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/কার্গো ভেসেল এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

১.১০ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

১.১১ শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে;

১.১২ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

১.১৩ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১.১৪ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

১.১৫ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Take away) করতে পারবে;

১.১৬ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীরা তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবে;

১.১৭ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# Dhaka Customs Agents Association
ASSOCIATION BHABAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, Bangladesh, Phone : 02222225942

Govt. Reg. No.-2960

**CORPORATE OFFICE**
3/C, New Baily Road
Ramna, Dhaka
Phone : 02222225942
PABX-48312757, 48317328
E-mail : dcaa.2009@gmail.com
Website : www.dcaadhaka.org

**BRANCH OFFICE**
**AIR FREIGHT UNIT OFFICE**
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l. Airport
Kurmitola, Dhaka-1230

**CUSTOM HOUSE OFFICE**
Custom House (1st Floor),
Kurmitola, Dhaka,
Tel : 8901240

**ASYCUDA WORLD CONTROL ROOM**
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901242

**ASYCUDA WORLD Help Desk**
Custom House Area
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka
Phone: 8901331

**KAMALAPUR ICD OFFICE**
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Tel : 9336172, Fax : 48311584

**SAVAR OFFICE**
DEPZ Custom Office,
Ganakbari, Savar, Dhaka
Tel & Fax : 7789434

**ADAMZEE OFFICE**
Adamzee EPZ Custom Office,
Narayangonj

**PANGAON OFFICE**
Pangaon Custom House
Pangaon, Keranigonj
Dhaka

**MUKTERPUR OFFICE**
LC Station Munshigonj


Print, DT. 08.03.2021, Qty. 4,000 pcs

সূত্র ঃ ডিসিএএ/০৩/০৭(৩২১১)/২০২১/১৩০

তারিখ ঃ ২৭/০৬/২০২১ খ্রিঃ

**মাননীয় কমিশনার অব পুলিশ**
ঢাকা মেট্রোপলিটন পুলিশ,
ঢাকা।

বিষয় ঃ **আগামী ১ জুলাই-২০২১ইং তারিখ হতে এক সপ্তাহের জন্য সরকার সারাদেশব্যাপি ''লকডাউন'' ঘোষনা করার প্রেক্ষিতে লকডাউন চলাকালীন সময়ে দেশের আমদানি/রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন এর সদস্য প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা, কর্মচারী এবং তাদের ব্যবহার্য যানবাহণ সমূহ দেশব্যাপি বিনা বাধায় ও নির্বিঘ্নে চলাচলের প্রয়োজনীয় নির্দেশনা জারীর অনুরোধ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীন জাতীয় রাজস্ব বোর্ড থেকে জারীকৃত লাইসেন্সীং রুলের আওতায় নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টবৃন্দ সকল কাস্টম হাউস ও স্টেশনসমূহের লাইসেন্সধারী প্রতিষ্ঠান। এসকল সিএন্ডএফ এজেন্টবৃন্দ দ্বারা গঠিত এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত একটি সংগঠন **''ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন''** (ডিসিএএ) নামে পরিচিত একটি অরাজনৈতিক সেবা মূলক প্রতিষ্ঠান। Customs Act, ১৯৬৯ এর আওতায় সিএন্ডএফ এজেন্টগণ বিভিন্ন শুল্ক ভবন ও বন্দরে আমদানিকৃত মালামাল খালাস, রাজস্ব আহরণ ও রপ্তানিতব্য মালামাল রপ্তানি কাজে নিয়োজিত থাকে।

পক্ষান্তরে সহসাই কোভিড-১৯ এর বিস্তৃতি রোধে সরকার কর্তৃক জরুরী ভিত্তিতে ১ জুলাই-২০২১ইং তারিখ হতে এক সপ্তাহের জন্য সারাদেশে ''লকডাউন'' ঘোষনা করলেও আমদানি, রপ্তানি, রাজস্ব আহরণ কার্যক্রম চালু রাখার সিদ্ধান্তের প্রেক্ষিতে সিএন্ডএফ এজেন্টদেরকে লকডাউনের আওতা বর্হিভূত থেকে কাজে নিয়োজিত থাকতে হবে। ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন তথা সিএন্ডএফ এজেন্টবৃন্দ দেশের আমাদানি/রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত। অনেক ক্ষেত্রে মেশিনারীজ জরুরী পার্টস্, রপ্তানিযেগ্য পণ্যের জরুরী কাঁচামালের অভাবে উৎপাদন বিঘ্নিত হওয়ার আশংকা দেখা দেয়। সিএন্ডএফ এজেন্টবৃন্দ শুল্ক কর্তৃপক্ষের নিকট থেকে আমদানিকৃত উক্ত পণ্য সমূহের শুল্ক আনুষ্ঠানিকতা সমাপনান্তে আমদানি পণ্য সমূহ খালাস করে, খালাসকৃত পণ্য সমূহ আমদানিকারকের ফ্যাক্টরীতে পৌছে দেয়ার কাজ করে থাকে। ফলে সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা-কর্মচারীগণ তাদের চলাচলে ও পণ্য পরিবহণে ব্যবহৃত যানবাহন (ট্রাক, পিকআপ, মাইক্রোবাস, মোটর কার, মোটর সাইকেল ইত্যাদি) বিমান বন্দর, আইসিডি কমলাপুর, ঢাকা ইপিজেড, সাভার, আদমজী ইপিজেড, নারায়নগঞ্জ, পানগাঁও বন্দর এর রাস্তায় চলাচল করে থাকে। ফলে অত্র এসোসিয়েশনের সদস্য প্রতিষ্ঠান সমূহের আমদানি রপ্তানি পণ্য পরিবহণ ও কর্ম পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের চলাচল ও ব্যবহৃত যানবাহন সারাদেশ ব্যাপি নিবিঘ্নে যাতে চলাচল করতে পারে সে বিষয়ে বাংলাদেশ পুলিশ প্রশাসনকে নির্দেশ প্রদান করে সরকারের রাজস্ব আহরণে সহযোগিতা কামনা করছি।

অতএব, সার্বিক অবস্থা বিবেচনায় দেশের আমদানি, রপ্তানি বাণিজ্যের স্বার্থে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি প্রতিপালন করে অত্র এসোসিয়েশনের আওতাধীন সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা, কর্মচারী এবং আমদানি, রপ্তানি পণ্য পরিবহণের কাজে নিয়োজিত যানবাহনগুলি যাতে বিনা বাধায় বিমান বন্দরসহ অন্যান্য কাস্টম হাউস ও স্টেশন সমূহে চলাচল করতে পারে সেলক্ষ্যে আইন শৃংখলা রক্ষা কাজে নিয়োজিত বাহিনী সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানে আপনার অনুমতি প্রার্থনা করছি।

ধন্যবাদান্তে,

(মোঃ মিজানুর রহমান)
সভাপতি
ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
ফোন ঃ ০১৭১১-৫২১১০৮

## ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## FEDERATION OF BANGLADESH CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

5/C, NEW BAILY ROAD (2ND FLOOR), RAMNA, DHAKA, PHONE : 0222225942, E-mail : [illegible]@gmail.com

Govt. Reg. No. B-2036

**MEMBERS**

**Chittagong Customs C&F Agents Association**
Tel : [illegible]
Web : [illegible]
E-mail : [illegible]

**Dhaka Customs Agents Association**
Tel : [illegible]
Web : [illegible]
E-mail : [illegible]

**Benapole Customs C&F Agents Association**
Tel : [illegible]
Web : www.
E-mail : [illegible]

**[illegible] Customs C&F Agents Association**
Tel : 01711-441071
Web : [illegible]
E-mail : [illegible]

**Sonamasjid Land Customs Port C&F Agents Association**
Tel : 01711-395540, 01711-437702
E-mail : [illegible]

**Bhomra Customs Clearing & Forwarding Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

**Banglabandha Customs C&F Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

**Hilli Landport Customs Clearing & Forwarding Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

**Akhaura Landport C&F Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

**Teknaf C&F Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

**Burimari Landport C&F Agents Association**
Tel : [illegible]
E-mail : [illegible]

সূত্র : [illegible]                                                  তারিখ : [illegible] খ্রি.

মাননীয় মন্ত্রী মহোদয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: আগামী ১লা জুলাই হতে করোনাকালীন সময়ে কঠোর লকডাউন/শাটডাউনে [illegible], মোংলা, বেনাপোল বন্দর সহ বাংলাদেশের সকল কাস্টম হাউস ও কাস্টম স্টেশনসমূহের কার্যক্রম অব্যাহত রেখে আমদানি-রপ্তানি কার্যক্রম ও দেশের অর্থনীতির চাকা সচল রাখার স্বার্থে সেবা প্রদান, বাংলাদেশের সকল কাস্টম হাউস এবং বন্দরের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্ট মালিক, কর্মচারী, শ্রমিক সহ সকল-কে জরুরী সেবা বিবেচনায় লকডাউন/শাটডাউনের আওতামুক্ত রাখার অনুরোধ প্রসঙ্গে।**

জনাব
আসসালামু আলাইকুম। যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান করোনাকালীন সময়ে দেশব্যাপী কঠোর লক-ডাউন/শাটডাউন চলাকালে সরকার গুরুত্বপূর্ণ KPI যুক্ত কিছু স্থাপনা, কাস্টম হাউস, স্থলবন্দর চালু রেখেছেন, এজন্য মাননীয় প্রধানমন্ত্রী সহ আপনাকে অত্র ফেডারেশনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আপনি অবগত আছেন যে, সিএন্ডএফ এজেন্টবৃন্দ আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা এবং সরকারের রাজস্ব আহরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সমগ্র বাংলাদেশের সিএন্ডএফ এজেন্ট এর সহিত হাজার হাজার কর্মচারী মালিক, কর্মচারী ও শ্রমিকগণ সংশ্লিষ্ট অত্যাবশ্যকীয় সার্বক্ষণিক দেশের বিভিন্ন কাস্টম হাউস এবং স্থলবন্দরে নিয়োজিত রয়েছেন। উক্ত কার্যক্রম পরিচালনায় সিএন্ডএফ এজেন্ট মালিক এবং তাঁর কর্মচারীদের বন্দর কর্তৃপক্ষ কর্তৃক পরিচয়পত্র প্রদান করেছেন। বর্তমান পরিস্থিতিতে সরকার কর্তৃক লকডাউন/শাটডাউন ঘোষণা করলেও বন্দর এবং কাস্টম হাউসে কর্মকান্ড পরিচালনা এবং সরকারের রাজস্ব আহরণ কার্যক্রম চালু রাখার সিদ্ধান্তের প্রেক্ষিতে শুল্ক ও বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কার্ডধারী সিএন্ডএফ এজেন্ট মালিক, কর্মচারী এবং শ্রমিকগণ সহ সংশ্লিষ্ট সকলকে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা প্রদান করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে আপনার সু-নির্দেশনা কামনা করছি এবং আমদানি/রপ্তানি কার্যক্রমের সাথে সম্পৃক্ত সিএন্ডএফ এজেন্টবৃন্দকে লকডাউন/শাটডাউন এর আওতা বহির্ভূত রাখা অতীব জরুরী।

সমগ্র বাংলাদেশের ব্যবসায়িক সংগঠনের পক্ষে FBCCI, BGMEA, BKMEA সহ সকল চেম্বারের নেতৃবৃন্দ, মিল কলকারখানা ও গার্মেন্টস্ ইন্ডাষ্ট্রি সহ বিভিন্ন কাস্টম এবং বন্দরে আমদানি-রপ্তানি কার্যক্রমের ক্ষেত্রে তাদের সকল প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধি হয়ে সমগ্র বাংলাদেশে সিএন্ডএফ এজেন্টগণ নিয়োজিত আছেন।

অতএব, সার্বিক অবস্থা বিবেচনায় দেশের আমদানি/রপ্তানি বাণিজ্যের স্বার্থে সমগ্র বাংলাদেশের গুরুত্বপূর্ণ স্থাপনা কাস্টম হাউস এবং কাস্টম স্টেশন সমূহের কর্মকান্ড পরিচালনা এবং সরকারের রাজস্ব আহরণে সহযোগীতা প্রদানের লক্ষ্যে সমগ্র বাংলাদেশের সিএন্ডএফ এজেন্টবৃন্দকে লকডাউন/শাটডাউন এর আওতা বহির্ভূত রাখার অনুরোধ জানাচ্ছি। একই সাথে সিএন্ডএফ এজেন্টবৃন্দ যাতে নির্বিঘ্নে বাংলাদেশের সকল কাস্টম হাউস ও কাস্টম স্টেশন সমূহে চলাচল করতে পারে সেলক্ষ্যে আইন শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

| | |
|---|---|
| (আলহাজ্ব [illegible] রহমান [illegible]) | (মোঃ [illegible]) |
| সভাপতি | মহাসচিব |
| ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন | ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন |
| ফোন : ০১৭১১-৮০৭৩৩২ | ফোন : ০১৭১১-২১৭৪৮৮ |

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-**

১। সচিব মহোদয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। চেয়ারম্যান মহোদয়, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
৫। সদস্য, কাস্টমস ও শুল্ক নীতিমালা শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৬। [illegible] কাস্টম হাউস।